সব অপকর্মে জামায়াত নেতাদের সম্পৃক্ততার অভিযোগ এ্যানির

পানিসম্পদমন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি। ছবি: সংগৃহীত

জামায়াত নেতাদের বিরুদ্ধে নানা অপকর্ম, নারীঘটিত কর্মকাণ্ড ও সামাজিক অবক্ষয়ের সঙ্গে জড়িত থাকার অভিযোগ রয়েছে বলে দাবি করেছেন পানিসম্পদমন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি।

শুক্রবার (২৫ সেপ্টেম্বর) সকালে লক্ষ্মীপুর সদরের ভবানীগঞ্জ ইউনিয়নে তীর-রক্ষা কাজের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

এ্যানি বলেন, জামায়াত-শিবিরের বিভিন্ন অপকর্মের ভিডিওতে সামাজিক যোগাযোগমাধ্যম ভরে গেছে। জামায়াতের এমপি গাজী নজরুল ইসলামের একটি অঘটনের কারণে অল্প বয়সী এক নারীকে প্রাণ দিতে হয়েছে বলেও অভিযোগ করেন তিনি।

তিনি বলেন, মত ও দৃষ্টিভঙ্গি আলাদা হতেই পারে। কিন্তু বিরোধী দল ১৯৯৬ সালের মতো ফ্যাসিস্টদের সঙ্গে সখ্য গড়ে তুলছে। দেশের গণতন্ত্র ধ্বংসে জামায়াত নতুন করে ষড়যন্ত্র করছে বলেও অভিযোগ করেন পানিসম্পদমন্ত্রী।